



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নথি নম্বর- ৮০.০০.০০০০.১১৩.৩৬.০০৮.১৯-৪৭৮

তারিখঃ ২৫.১১.২০১৯ খ্রি:

বিষয়ঃ ৩৭ বিসিএস এর লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের নম্বরপত্র প্রদান।

৩৭ বিসিএস পরীক্ষা-২০১৬ এর বিজ্ঞাপনের ৩৫ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে লিখিত পরীক্ষার নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে সংযুক্ত নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহবান করা হচ্ছে।

০২. লিখিত পরীক্ষার নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদেরকে এ বিজ্ঞপ্তিতে প্রদত্ত কমিশনের নির্ধারিত নমুনা আবেদনপত্রের ছক পূরণ করে সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকা (১/০৮০১/০০০০/২০৩১ কোড নম্বরে) ট্রেজারি চালানোর মাধ্যমে জমা দিয়ে ট্রেজারি চালানোর মূলকপিসহ পূরণকৃত আবেদনপত্র কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে পরিচালক, ইউনিট-১৩, এর দপ্তরে জমা দিতে হবে।

০৩. আগামী ২৬.১১.২০১৯ তারিখ হতে ০৫.১২.২০১৯ পর্যন্ত প্রতি কর্ম দিবসে ১০:০০ হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত পরিচালক ইউনিট-১৩, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পূরণকৃত আবেদনপত্র জমা নেয়া হবে। উল্লেখ্য উল্লিখিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।

০৪. এ বিজ্ঞপ্তি এবং নমুনা আবেদনপত্র কমিশনের ওয়েবসাইটে [www.bpsc.gov.bd] পাওয়া যাবে।


[আ.ই.ম নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

৩৭ বিসিএস নম্বরপত্র প্রাপ্তির আবেদনপত্র

বরাবর

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয়ঃ ৩৭ বিসিএস পরীক্ষা-২০১৬ এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রদান।

৩৭ বি.সি.এস. পরীক্ষা - ২০১৬ এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির জন্য নিম্নে আমার তথ্যাদি প্রদান করলামঃ

১. আবেদনকারীর নাম :
[ইংরেজি ক্যাপিটাল
লেটার-এ]
২. রেজিস্ট্রেশন নম্বর :
[ইংরেজিতে]
৩. জন্ম তারিখ :
[ইংরেজিতে]
৪. নিজ জেলা :
[ইংরেজিতে]
৫. ট্রেজারি চালান ইস্যুকারী :
সোনালী ব্যাংক লিমিটেড
এর শাখার নাম
৬. ট্রেজারি চালান নম্বর :
ও তারিখ
৭. পত্র যোগাযোগের ঠিকানা :
৮. মোবাইল নম্বর :



বিনীত

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ